মন্ত্রিপরিষদ বিভাগের সেপ্টেম্বর ২০২২ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: **মন্ত্রিপরিষদ বিভাগ**

প্রতিবেদনাধীন মাসের নাম: সেপ্টেম্বর **২০২২** প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ১১ অক্টোবর ২০২২

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	৪১৭	২৬১	১৫৬
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	২,০৯৮	১,২১৮	৮৮০
মোট	২,৫১৫	১,৪৭৯	১,০৩৬

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	১	-	২৮	২৯	৪৫	৫৩	১৫৬
দুর্নীতি দমন কমিশন	-	-	২২৭	২২১	২২০	২১২	৮৮০*
মোট	১	-	২৫৫	২৫০	২৬৫	২৬৫	১,০৩৬

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	১	১	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	১৭	২	১৯	-	১৪	১৪	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপ-মন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন	-	-	-	-	৯	-	১৫-১৭ সেপ্টেম্বর ২০২২ মেয়াদে রাজশাহী জেলা, ১৯-২০ সেপ্টেম্বর ২০২২ মেয়াদে ময়মনসিংহ জেলা, ২২-২৪ সেপ্টেম্বর ২০২২ মেয়াদে খুলনা এবং ২৫ সেপ্টেম্বর ২০২২ তারিখে টাঙ্গাইল জেলা সফর করেন।
উন্নয়ন প্রকল্প পরিদর্শন	-	-	-	-	-		
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ	-	-	-	-	-		

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: নেই।

(২) আইনশৃঙ্খলা বিষয়ক: প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক : প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্যসমূহ:

প্রকল্পের নাম	বর্তমান অর্থবছরে এডিপিতে বরাদ্দ (লক্ষ টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (লক্ষ টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ	মন্তব্য
1. Technical Assistance for promoting Nutrition Sensitive Social Security programmes	১৫০	৮.৩৫ (৫.৫৭ শতাংশ)		-
2. Platforms for Dialogue-Strengthening Inclusion and Participation in Decision Making and Accountability Mechanisms in Bangladesh	৮০৪	৫৮৭.৯৩ (৭৩.১২ শতাংশ)		
3. Support to the Central Management Committee's (CMC) policy Guidance on Child Component of the NSSS	১৯৭	৩.০৪ (১.৫৪ শতাংশ)		
4 Social Security Policy Support Programme (1st revised)	৫৮১	১৫৪.১৫ (২৬.৫৩ শতাংশ)		
5. Technical Support for CRVS System Improvement in Bangladesh (Phase-4)	১৩৬	১৩.৯৯ (১০.২৯ শতাংশ)		
মোট=০৫টি	১,৮৬৮	৭৬৭.৪৬ (৪১.০৮ শতাংশ)		

খ. প্রকল্পের অবস্থা বিষয়ক তথ্য:

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

গ. প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা: নেই।

(৫) উৎপাদন বিষয়ক : প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক.অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/ সংস্থা	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশিটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	১৪টি	১.৫০	২	২	১২টি	মন্ত্রিপরিষদ বিভাগের মোট অডিট আপত্তির সংখ্যা ১৪টি। এর মধ্যে ০২টি অডিট আপত্তির নিষ্পত্তি হয়েছে। অবশিষ্ট ১২টি অডিট আপত্তির মধ্যে ০৭টি অডিট আপত্তির বিষয়ে ঢাকার ৪র্থ সহকারী জজ আদালতে মামলা বিচারাধীন রয়েছে (মামলা নম্বর ৭/২০০০)।
দুর্নীতি দমন কমিশন	৪টি	৬৮৬.৭৭	৪	-	৪টি	-
মোট	১৮টি	৬৮৮.২৭	৬	২	১৬টি	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে তার তালিকা: নেই।

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/ অধিদপ্তর/ সংস্থাসমূহ	পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থবছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
			চাকরিচ্যুতি /বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
মন্ত্রিপরিষদ বিভাগ	২	-	-	-	১	১	১
দুর্নীতি দমন কমিশন	১৩	-	-	-	-	১৩	৩
মোট	১৫	-	-	-	১	১৪	৪

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/ সংস্থা	ক্রম	প্রশিক্ষণ কর্মসূচি	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সি	অংশগ্রহণকারীর সংখ্যা
মন্ত্রিপরিষদ বিভাগ	১।	১৩৭তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স	২৪ জুলাই-২১ সেপ্টেম্বর ২০২২	জনপ্রশাসন মন্ত্রণালয়	০২ জন
	২।	Exclusive training on iBAS^{++}	৯-১১ সেপ্টেম্বর ২০২২	অর্থ বিভাগ	০১ জন
দুর্নীতি দমন কমিশন	১।	Audio and Video Forensic (voice Analysis and Biometric)	১৮-২৫ এবং ২৮ সেপ্টেম্বর ২০২২	দুর্নীতি দমন কমিশন	১৩ জন
	২।	শুদ্ধাচার ও সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ	২৯ সেপ্টেম্বর ২০২২	দুর্নীতি দমন কমিশন	৩০ জন

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: নবম ও তদূর্ধ্ব গ্রেডভুক্ত

কর্মকর্তাদের ২০২২-২৩ অর্থবছরের অভ্যন্তরীণ প্রশিক্ষণ (বাৎসরিক ৬০ ঘন্টা) চলমান রয়েছে।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন-দ্যা-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন-দ্যা-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: প্রযোজ্য নয়।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: প্রযোজ্য নয়।

(১০) উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট: নেই।

ক.প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ.প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিসভা-বৈঠক ০১টি; সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ০৪টি; অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ০২টি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ০১টি, মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত ০৭টি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। মন্ত্রিসভা-বৈঠকে ১১টি সিদ্ধান্ত গৃহীত হয়, এর মধ্যে ০৭টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে।

(২) প্রতিবেদনাধীন মাসে মোট ১০টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ০৮টি অভিযোগ প্রমাণিত না হওয়ায় নথিজাতপূর্বক নিষ্পত্তি করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

(৩) বিভাগীয় কমিশনার ও মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত আগস্ট দ্বিতীয় ও সেপ্টেম্বর প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দু'টি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়।

(৪) কক্সবাজার সমুদ্র সৈকতের বিভিন্ন স্থানে ভাঙ্গনের সর্বশেষ পরিস্থিতি ও টেকসই প্রতিরোধ কার্যক্রম গ্রহণের লক্ষ্যে পানি সম্পদ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(৫) ০৫ সেপ্টেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত পাট হতে প্রস্তুতকৃত সোনালী ব্যাগের বাণিজ্যিক ব্যবহার দেশে-বিদেশে প্রসারে সহযোগিতাকরণ সংক্রান্ত উক্ত সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ বরাবর প্রেরণ করা হয়েছে।

(৬) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট ও সমমান পরীক্ষা, ২০২২ সুষ্ঠু, নকলমুক্ত ও ইতিবাচক পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে জাতীয় মনিটরিং ও আইনশৃঙ্খলা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(৭) বিশ্ব পর্যটন দিবস, বিশ্ব বসতি দিবস এবং বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ, ২০২২ উদ্‌যাপনের লক্ষ্যে সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়া জাতীয় নিরাপদ সড়ক দিবস-২০২২ উদ্‌যাপন উপলক্ষ্যে সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(৮) ইলিশ সম্পদ উন্নয়ন সংক্রান্ত 'জাতীয় টাস্কফোর্স' কমিটির সভায় ৩৮টি জেলার জেলা প্রশাসকগণ অনলাইনে অংশগ্রহণ করেন।

(৯) নওগাঁ জেলার বিজ্ঞ চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট কর্তৃক বিধি বহির্ভূতভাবে জেলা কারাগার পরিদর্শনের উদ্যোগ সম্পর্কে অবহিতকরণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, আইন ও বিচার বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১০) শারদীয় দূর্গাপূজা, ২০২২ উদযাপন উপলক্ষ্যে পূজামন্ডপসমূহের নিরাপত্তা, আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণ, করোনা প্রতিরোধে করণীয় ও প্রাসঙ্গিক বিষয়ে সরাসরি উপস্থিতি এবং অনলাইনে সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল বিভাগীয় কমিশনার এবং সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১১) যুগ্ম জেলা জজ আদালতে ডিক্রি জারির মামলায় জমি রেজিস্ট্রেশন সম্পাদনে পার্বত্য জেলা পরিষদ আইন, ১৯৮৯ (১৯৮৯ সালে সংশোধিত)-এর ৬৪(১) (ক) দফার বিধান লঙ্ঘন প্রসঙ্গে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, আইন ও বিচার বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১২) দুর্নীতি সংক্রান্ত বিভিন্ন মামলায় ১০ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে চার্জশিট দাখিল করা হয়। ৫৩ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে আনীত অভিযোগ অনুসন্ধানে প্রমাণিত না হওয়ায় এসকল বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দুর্নীতি দমন কমিশন কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ করা হয়।

(১৩) ০৮ সেপ্টেম্বর ২০২২ তারিখে বাংলাদেশে বৈদ্যুতিক যানবাহনের চলাচল এবং বৈদ্যুতিক যানবাহন শিল্পের জন্য উপযোগী একটি ইকোসিস্টেম তৈরির লক্ষ্যে করণীয় নির্ধারণ বিষয়ে মতবিনিময় সভা মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রিপরিষদ কক্ষে অনুষ্ঠিত হয়।

(১৪) ২১ সেপ্টেম্বর ২০২২ তারিখে সচিব, সমন্বয় ও সংস্কার-এর সভাপতিত্বে খুলনা-মোংলা বন্দর রেললাইন প্রকল্পে মোংলা বন্দর কর্তৃপক্ষের ৯০.১১৯ একর জমি রেলপথ মন্ত্রণালয়ের অনুকূলে হস্তান্তর/অধিগ্রহণ এবং এ বাবদ জমির মূল্য পরিশোধ বিষয়ে রেলপথ মন্ত্রণালয় এবং নৌপরিবহন মন্ত্রণালয়ের মধ্যে সৃষ্ট বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে সভা অনুষ্ঠিত হয়েছে।

(১৫) ২০২১-২২ অর্থবছরে জিওবি অর্থায়নে ৩২০ জন কর্মকর্তাকে এবং P4D প্রকল্পের অর্থায়নে ১৮৭ জন কর্মকর্তা ও ১২৬ জন ইউডিসি উদ্যোক্তাসহ মোট ৬৩৩ জনকে বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

(১৬) ৫২টি মন্ত্রণালয়/বিভাগ ৬৪টি জেলা ও ৮টি বিভাগীয় কমিশনারের কার্যালয়ের ওয়েবসাইটে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সংক্রান্ত সেবাবক্স হালনাগাদ করা হয়েছে।

(১৭) বরিশাল ও রংপুর বিভাগের যথাক্রমে দুইটি এবং চারটি জেলায় CRVS-এর অন্যতম উপাদান জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে ১৩ এবং ২০ সেপ্টেম্বর ২০২২ তারিখে দুইটি সেমিনার অনুষ্ঠিত হয়।

(১৮) মন্ত্রিপরিষদ বিভাগের উদ্যোগে ২০২২-২৩ অর্থবছরে মন্ত্রণালয়/বিভাগের সিটিজেনস্ চার্টার সংশ্লিষ্ট কর্মকর্তাদের অংশগ্রহণে সেবা প্রদান প্রতিশ্রুতি ও এ সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিষয়ক ১৯, ২২, ২৭, ২৮ এবং ২৯ সেপ্টেম্বর ২০২২ তারিখে কর্মশালা আয়োজন করা হয়।

(১৯) মন্ত্রণালয়/বিভাগের ২০২১-২২ অর্থবছরের এপিএ'র চূড়ান্ত মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত এবং ফলাফল প্রকাশ করা হয়।

(২০) ২৬ সেপ্টেম্বর ২০২২ তারিখে সকল সিনিয়র সচিব/সমমর্যাদা সম্পন্ন এবং সচিব/সমমর্যাদা সম্পন্ন কর্মকর্তাগণ এবং মন্ত্রিপরিষদ বিভাগের কর্মকর্তাগণের অংশগ্রহণে শুদ্ধাচার কৌশল বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়।

(২১) সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্ট্যাটিসটিক্স-এর উপাদান 'হাসপাতালের বাইরে মৃত ব্যক্তির মৃত্যুর কারণ নির্ধারণ সংক্রান্ত Verbal Autopsy (VA)' কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত অনলাইন সভা ২২ সেপ্টেম্বর ২০২২ তারিখে আয়োজন করা হয়।

(২২) মন্ত্রিপরিষদ বিভাগ থেকে ০৭ সেপ্টেম্বর ২০২২ তারিখে দিনাজপুর জেলার নবাবগঞ্জ উপজেলার মোঃ জামাল উদ্দিন, ১২ সেপ্টেম্বর ২০২২ তারিখে দিনাজপুর জেলার হাকিমপুর উপজেলার জনাব অভি দাস ও জনাব রাজকুমার (স্বপন) এবং ১৮ সেপ্টেম্বর ২০২২ তারিখে দিনাজপুর জেলার নবাবগঞ্জ উপজেলার মোঃ হামিদুল ইসলাম-এর আবেদনের পরিপ্রেক্ষিতে তথ্য প্রদান করা হয়েছে।

(২৩) গীতিকার ও সুরকার; চরচ্চিত্র পরিচালক ও প্রযোজক গাজী মাজহারুল আনোয়ার ০৪ সেপ্টেম্বর ২০২২ তারিখে ইন্তেকাল করেন। গাজী মাজহারুল আনোয়ারের মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও তার আত্মার মাগফেরাত কামনা এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করে একটি শোক প্রস্তাব গ্রহণ করা হয়।

(২৪) বাংলাদেশের অকৃত্রিম বন্ধু ব্রিটেনের রানি দ্বিতীয় এলিজাবেথের মৃত্যুতে ০৯-১১ সেপ্টেম্বর ২০২২ মেয়াদে বাংলাদেশে রাষ্ট্রীয়ভাবে তিন দিনের শোক পালনসহ বাংলাদেশের সকল সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং শিক্ষাপ্রতিষ্ঠানসহ সকল সরকারি ও বেসরকারি ভবন এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে জাতীয়

পতাকা অর্ধনমিত রাখা হয় ও তার বিদেহী আত্মার শান্তির জন্য বিশেষ প্রার্থনার আয়োজন করা হয় মর্মে এ সংক্রান্ত প্রজ্ঞাপন প্রকাশিত হয়।

গ.আগামী (অক্টোবর-নভেম্বর) দুই মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক; জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি; সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি; অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি; প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি; নিরাপত্তা সংক্রান্ত জাতীয় কমিটি; আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটি; মন্ত্রিসভা কমিটি/পরিষদ/কমিশন/অন্যান্য কমিটি গঠন/পুনর্গঠন; মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনার জন্য আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান।

(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনার জন্য আগামী দুই মাসে ১৬টি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান।

(৩) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত ত্রৈ-মাসিক প্রতিবেদন (জুলাই-সেপ্টেম্বর ২০২২) মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপন করা হবে।

(৪) মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি নিকার-এর ১১৮তম সভা এবং মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৫) মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থার পদ সৃষ্টি, বিলুপ্তি ইত্যাদি বিষয় সম্পর্কিত নীতি ও পদ্ধতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা অনুষ্ঠান।

স্বাক্ষরিত/-

(চৌধুরী মোয়াজ্জম আহমদ)

উপসচিব

ফোন: ৯৫১৪৮৮৭

e-mail: report_sec@cabinet.gov.bd